



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
অভ্যন্তরীণ সংগ্রহ শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
www.dgfood.gov.bd



তাগিদপত্র  
অতি গোপনীয়

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২২.২১.১০৭

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৮

০৭ জুন ২০২১

বিষয়: খাদ্যশস্য (ধান-চাল-গম) ব্যবসায়ীদের (আড়তদার/পাইকারি) ব্যবসা কার্যক্রম পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ।

সূত্র: খাদ্য অধিদপ্তরের স্মারক নং ১৩.০১.০০০.০৯১.৪৫.৩২১.২১.৯৬, তারিখ: ২৪/০৫/২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় খাদ্যমন্ত্রী গত ০৪-০৫-২১, ০৫-০৫-২১, ০৬-০৫-২১ ও ০৯-০৫-২০২১ খ্রি: তারিখে অনুষ্ঠিত অনলাইন (জুম) সভায় একাধিকবার ব্যবসায়ী ও আড়তদারগণকে খাদ্যশস্য লাইসেন্স প্রদানসহ তাদের ব্যবসা পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ করার নির্দেশ প্রদান করেছেন। নির্দেশনার আলোকে খোলা বাজারে ধানের কৃত্রিম মূল্য রোধকল্পে ব্যবস্থাদি গ্রহণের জন্য সূত্রস্থ স্মারকে “ক” “খ” ও “গ” অনুচ্ছেদে কিছু নির্দেশনা প্রদান করা হয়। প্রদানকৃত নির্দেশনার “খ” অনুচ্ছেদে সূত্রস্থ খাদ্যশস্য ব্যবসায়ীদের প্রতি ০৭ (সাত) দিনের ক্রয়-বিক্রয় সামারি প্রতিবেদন সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ ও সংগ্রহ বিভাগে প্রেরণের জন্য বলা হয়েছিল। কিন্তু পত্রজারির তারিখ থেকে অদ্যাবধি কাঙ্ক্ষিত সারাংশ প্রতিবেদন তার দপ্তর থেকে পাওয়া যায়নি। কি কারণে চাহিত প্রতিবেদন প্রেরণ করা সম্ভব হচ্ছে না তা বোধগম্য নয়।

এমতাবস্থায়, সূত্রস্থ স্মারকের চাহিদামাফিক প্রতিবেদন প্রেরণের বিলম্বের কারণসহ জরুরিভিত্তিতে প্রতিবেদন প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

৭-৬-২০২১

মোঃ রায়হানুল কবীর  
পরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক(সকল)

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ইমেইল: dproc@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২২.২১.১০৭/১(১২)

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৮

০৭ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৩) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য।

৪) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৫) সিনিয়র সহকারী সচিব, অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়

৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।



৭-৬-২০২১

মোঃ রায়হানুল কবীর

পরিচালক